কুষ্টিয়ায় ৬ দফা দাবিতে পলিটেকনিক শিক্ষার্থীদের সড়ক অবরোধ

ছয় দফা দাবিতে কুষ্টিয়ায় সড়ক অবরোধ করে বিক্ষোভ কর্মসূচি পালন করছেন কুষ্টিয়া পলিটেকনিকের শিক্ষার্থীরা।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১১টার দিকে তারা শহরের মজমপুর মোড়ে সড়ক অবরোধ করে। অবরোধে পলিটেকনিক ইনস্টিটিউটের শতশত শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। শিক্ষার্থীদের অবরোধের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। অবরোধের কারণে যানজট সৃষ্টি হয়। এতে সড়কে চলাচলকারী মানুষ পড়েছেন সীমাহীন দুর্ভোগে।

শিক্ষার্থীরা বলেন, আমরা ছয় দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছি। আগেও আমরা একই দাবিতে একাধিকবার কর্মসূচি পালন করেছি।

তবে আমাদের দাবি মানা হচ্ছে না। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আমরা বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করছি। আমাদের দাবি না মানা হলে আগামীতে কঠোর আন্দোলন কর্মসূচিতে যাবো আমরা।

ঝিনাইদহে ৫ দফা দাবীতে মউশিক শিক্ষকদের মানববন্ধন

আউট সোর্সিং বাতিল, সকল জনবলকে রাজস্বভুক্ত, শিক্ষকদের সম্মানী বৃদ্ধিসহ ৫ দফা দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের (মউশিক) শিক্ষকরা।

রোববার (২৩ মার্চ) সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে শিক্ষকদের সংগঠন মউশিক শিক্ষক কল্যাণ পরিষদ। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ সাধারণ শিক্ষকরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনটির জেলা শাখার সভাপতি তাওহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ইমরান হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম দেশের প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, অথচ এই প্রকল্পের শিক্ষকদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত রাখা হয়েছে। ঈদের আগেই বকেয়া বেতন ভাতা প্রদাণসহ দাবী মেনে নেওয়ার আহ্বান জানানো হয় কর্মসূচী থেকে।